চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বাবুরহাট, চাঁদপুর।
ওয়েবসাইট: pbs2.chandpur.gov.bd

**নম্বর:** ২৭.১২.১৩২২.৫৭৮.০২.০০৮.১৯.২৮১

তারিখ: ৭ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২২ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

## “নিয়োগ বিজ্ঞপ্তি”

**বিষয়: দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা কর্মী (কাজ নাই মজুরী নাই) নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি।**

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ফরিদগঞ্জ উপজেলায় অবস্থিত ইনডোর উপকেন্দ্র (কামতা) এর নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে রাত্রিকালীন “নিরাপত্তাকর্মী” নিয়োগের নিমিত্ত দৈনিক মজুরী ভিত্তিতে (কাজ নাই মজুরী নাই) “নিরাপত্তাকর্মী” পদে নিয়োগের প্যানেল তৈরীর জন্য যোগ্যতা সম্পন্ন চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র. নং | পদের নাম/ পদের সংখ্যা | বয়স সীমা | মজুরী | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | নিরাপত্তা কর্মী (দৈনিক মজুরীভিত্তিতে) ০১ (এক) টি (পুরুষদের জন্য সংরক্ষিত) | ১০/০৮/২০২৩ খ্রিঃ বয়স সীমা ন্যূনতম ১৮ এবংঅনূর্ধ্ব ৬৫ বছর। তবে ৬৫ বছর পূর্ণ হলে চাকুরির যোগ্যতা হারাবেন। | পবিস সমূহে নিরাপত্তা কর্মীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪০০.০০ (চারশত) টাকা। | ক) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী/সমমান পাশ হতে হবে। খ) প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে। গ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা ও পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে। ঘ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। ঙ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | শুধুমাত্র চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগলিক এলাকায় অর্থাৎ চাঁদপুর সদর উপজেলা (পিডিবি এলাকা ও রাজরাজেশ্বর ইউনিয়ন ব্যতীত), ফরিদগঞ্জ উপজেলা, মতলব উত্তর উপজেলা (মোহনপুর ইউনিয়নের নাছিরাকান্দি গ্রাম ব্যতীত), মতলব দক্ষিন উপজেলা, ও হাইমচর উপজেলায় (গাজীপুর, হাইমচর ও নীলকমল ইউনিয়ন ব্যতীত) স্থায়ীভাবে বসবাসকারী পুরুষ নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

অন্যান্য শর্তাবলীঃ

-
আবেদনকারীগণকে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট (www.pbs2.chandpur.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর-এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত আবেদন ফরম ব্যতিত সাদাকাগজে, টাইপকৃত, অসম্পূর্ণ বা ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস ব্যতিত সরাসরি কিংবা ১০/০৮/২০২৩ খ্রিঃ তারিখের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবেনা। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে:

(ক) ওয়েবসাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।

(খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।

(গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।

স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে চারিত্রিক ও নাগরিকত্ব সনদ।

(ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

দাখিলকৃত সকল কাগজপত্রের অনুলিপি ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

৬) জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকুলে যে কোন তফসিল ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

াউনলোডকৃত আবেদন ফর্ম, ফর্ম-এ উল্লিখিত যথাযথ নির্দেশনা অনুযায়ী পূরণ করে প্রেরণ করতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। নির্বাচিত প্রার্থীকে দৈনিক ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা প্রহরী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৪০০/= (চারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজার মূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন। যেদিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেইদিনের জন্য ৪০০/= (চারশত) টাকা মজুরী পাবেন; এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না।

প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্মতারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ন বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

**এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোনক্রমেই স্থায়ী করা হবেনা বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবী গ্রহণযোগ্য হবেনা। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "দৈনিক মজুরী" ভিত্তিতে কাজ করার অনুমতি বলবৎ থাকবে।**

কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পুরণকৃত ফর্মের প্রদত্ত মোবাইলফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

পুলিশ প্রশাসন কর্তৃক প্রার্থীর প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/ কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষনিকভাবে প্রার্থীর কাজের অনুমতি পত্র বাতিল করা হবে।

১০। প্রার্থীকে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কামতা ইনডোর উপকেন্দ্র এর নিরাপত্তার কাজে দায়িত্ব পালন করতে হবে।

প্রার্থীকে কাজের অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক /পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে।

কাজের অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা সমিতির অনুকুলে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে।

অনুমতি প্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা কর্মীকে পবিস কর্তৃক ইউনিফর্ম (শার্ট, প্যান্ট,জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ,লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

অবাধ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দূর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষনিক তার সেবা গ্রহণ বন্ধ করা হবে।

যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

অসম্পূর্ণ/ভূল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নির্বাচন/অনুমতি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা। বাছাই/নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

২২-০৭-২০২৩
প্রকৌ: মো: রাশেদুজ্জামান
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)

অনুলিপি: সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
২। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৩। পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা জোন;
৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর;
৭। পুলিশ সুপার, চাঁদপুর;
৮। সকল পবিস;
৯। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ);
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চাঁদপুর সদর /মতলব উঃ/মতলব দঃ/হাইমচর/ফরিদগঞ্জ উপজেলা, চাঁদপুর;
১১। ডিজিএম, ফরিগঞ্জ/মতলব দঃ/মতলব উঃ জোনাল অফিস/সদর (কারিগরী), চাঁদপুর পবিস-২;
১২। এজিএম (অর্থ/সদস্য সেবা/ইএন্ডসি/প্রশাসন/ওএন্ডএম), চাঁদপুর পবিস-২;

১৩। এজিএম (ওএন্ডএম), কামতা/হাইমচর সাব জোনাল অফিস, চাঁদপুর পবিস-২;

১৪। এজিএম (আইটি), চাঁদপুর পবিস-২। (বিজ্ঞপ্তিটি অত্র পবিস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং

১৫। নোটিশ বোর্ড/অফিস/মাষ্টার ফাইল।